

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

স্মারক নং-৪৫.১৪০.১১৬.০০.০০.০০১.২০১৬-১১৬৩

তারিখঃ ০৫ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ  
২১ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: আগামী ১৫ আগস্ট, ২০১৯ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত  
বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি পালন সংক্রান্ত


সূত্র: স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.১৪০.১১৬.০০.০০.০০১.২০১৬-১০৮২, তারিখঃ ২২/০৭/২০১৯ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ আগস্ট, ২০১৯ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকী যথাযোগ্য সম্মানের সাথে পালনের লক্ষ্যে যথাক্রমে গত ০৯/০৭/২০১৯ ও ০৪/০৮/২০১৯ তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। ০৪/০৮/২০১৯ তারিখের সভায় মাননীয় মন্ত্রী জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে এ মন্ত্রণালয় হতে বিভিন্ন কর্মসূচি গ্রহণের নির্দেশনা প্রদান করেছেন। মাননীয় মন্ত্রীর নির্দেশনা অনুযায়ী নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল:

- (১) আগামী ১৫ আগস্ট, ২০১৯ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল প্রতিষ্ঠানের (কমিউনিটি ক্লিনিকসহ) ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে;
- (২) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়স্বতন্ত্র সকল অধিদপ্তর, দপ্তর ও সংস্থা জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে কর্মসূচির আয়োজন করবে;
- (৩) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে, জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি/বেসরকারি হাসপাতালসমূহে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবসের আলোচনা সভা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে ;
- (৪) সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে আয়োজিত অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে;
- (৫) রক্তদান কর্মসূচি, দেয়ালিকা প্রকাশ, রচনা প্রতিযোগিতা আয়োজনসহ জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক কর্মসূচি গ্রহণ করতে হবে;
- (৬) শিক্ষার্থীদের মধ্যে দিবসটির তাৎপর্য ও গুরুত্ব তুল ধরে স্থানীয়ভাবে আলোচনা সভা, শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ;
- (৭) ১২ আগস্ট ২০১৯ পবিত্র ঈদুল আযহা হওয়ায় জাতীয় শোক দিবস পালনের সকল প্রস্তুতি আগামী ০৮ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
- (৮) ঢাকা শহরের ন্যায় দেশের জেলা ও উপজেলা হাসপাতাল এবং কমিউনিটি ক্লিনিকে সভা আহ্বান/পরিদর্শন/বিনামূল্যে চিকিৎসা/রক্ত দান কর্মসূচি/পরিষ্কার পরিচ্ছন্নতা/ব্যানার/প্রচার প্রচারণা/শোক র্যালির আয়োজন করতে হবে। উক্ত অনুষ্ঠানে স্থানীয় জন প্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে ;



- (৯) জাতীয় শোক দিবসের সকল কর্মসূচি যথাযথ ভাবগাম্ভীর্য রক্ষা করে পালন করার জন্য সকলকে নির্দেশনা প্রদান করতে হবে।

  
(শাহিনা খাতুন)  
যুগ্মসচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৫  
admin1@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তার নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। উপাচার্য (সকল),.....মেডিকেল বিশ্ববিদ্যালয়
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা (তার নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, কমিউনিটি ক্লিনিক, স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, ঢাকা (তার নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ৫। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
- ৬। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৮। পরিচালক(স্বাস্থ্য)(সকল),.....বিভাগ
- ৯। পরিচালক/তত্ত্বাবধায়ক(সকল),.....মেডিকেল কলেজ হাসপাতাল/হাসপাতাল (সরকারি/বেসরকারি)
- ১০। অধ্যক্ষ (সকল), মেডিকেল কলেজ (সরকারি/বেসরকারি)/ নার্সিং কলেজ ও ইনস্টিটিউট/আইএইচটি/ম্যাটস
- ১১। সভাপতি, বাংলাদেশ প্রাইভেট হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক এন্ড অনার্স এসোসিয়েশন, রোড নং-১৪/এ, হাউজ নং- ৮/৩, ধানমন্ডি, ঢাকা (ফারাবি জেনারেল হাসপাতাল সংলগ্ন), ঢাকা।
- ১২। মহাসচিব, বাংলাদেশ প্রাইভেট হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক এন্ড অনার্স এসোসিয়েশন, রোড নং-১৪/এ, হাউজ নং- ৮/৩, ধানমন্ডি, ঢাকা (ফারাবি জেনারেল হাসপাতাল সংলগ্ন), ঢাকা।
- ১৩। মহাসচিব, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল প্র্যাকটিশনার এসোসিয়েশন, বিপিএমপিএ অফিস, ১২৫/২, দারুস সালাম, মিরপুর, ঢাকা।
- ১৪। সিভিল সার্জন(সকল), .....
- ১৫। উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৭। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা(তার নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)

অনুলিপি:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

স্মারক নং-৪৫.১৪০.১১৬.০০.০০.০০১.২০১৬-১১৬৪

তারিখঃ ০৫ আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ  
২১ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: আগামী ১৫ আগস্ট, ২০১৯ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত  
বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি পালন সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ আগস্ট, ২০১৯ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর  
রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকী যথাযোগ্য সম্মানের সাথে পালনের লক্ষ্যে যথাক্রমে গত ০৯/০৭/২০১৯ ও ০৪/০৮/২০১৯ তারিখে  
মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। ০৪/০৮/২০১৯ তারিখের সভায় মাননীয় মন্ত্রী জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে এ  
মন্ত্রণালয় হতে বিভিন্ন কর্মসূচি গ্রহণের নির্দেশনা প্রদান করেছেন। মাননীয় মন্ত্রীর নির্দেশনা অনুযায়ী আগামী ১৫ আগস্ট, ২০১৯ তারিখে  
দিনব্যাপি দেশের সকল সরকারি/বেসরকারি হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টারসহ সকল সরকারি/বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানে  
রোগীদের বিনা মূল্যে চিকিৎসা সেবা প্রদান এবং ডায়াগনস্টিক পরীক্ষা-নিরীক্ষা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে  
অনুরোধ করা হল।



(শাহিনা খাতুন)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

[admin1@hsd.gov.bd](mailto:admin1@hsd.gov.bd)

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক/অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক (সকল), .....হাসপাতাল
- ৩। সভাপতি, বাংলাদেশ প্রাইভেট হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক এন্ড অনার্স এসোসিয়েশন, রোড নং-১৪/এ, হাউজ নং-  
৮/৩, খানমন্ডি, ঢাকা (ফারাবি জেনারেল হাসপাতাল সংলগ্ন), ঢাকা।
- ৪। সভাপতি, বাংলাদেশ প্রাইভেট হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক এন্ড অনার্স এসোসিয়েশন, রোড নং-১৪/এ, হাউজ নং-  
৮/৩, খানমন্ডি, ঢাকা (ফারাবি জেনারেল হাসপাতাল সংলগ্ন), ঢাকা।
- ৫। মহাসচিব, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল প্র্যাকটিশনার এসোসিয়েশন, বিপিএমপিএ অফিস, ১২৫/২, দারুস সালাম,  
মিরপুর, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

অনুলিপি:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

٥٥٤٠/٥٥٤٨

manisuzzaman.bhuiyan@yahoo.com